



## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২০০০-৫৩০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ-এর ০২ (দুই)টি ডেমনস্ট্রেটর শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ যেকোনো বিষয়ে স্নাতকোত্তর পাশ হতে হবে।

১টি পদের ক্ষেত্রে সংগীত পরিকল্পনা ও প্রয়োগের লক্ষ্যে প্রার্থীকে সংগীত ও তালযন্ত্রসহ বিভিন্ন বাদ্যযন্ত্র যেমন-টোল, খোল, তবলা, বাঁশি, হারমোনিয়াম এবং পাখোয়াজ বাদনে পারদর্শী হতে হবে।

অপর ১টি পদের ক্ষেত্রে মঞ্চ, আলোক পরিকল্পনা ও প্রয়োগের লক্ষ্যে প্রার্থীকে কম্পিউটার অ্যাপ্লিকেশন যেমন-অটোক্যাড, অটোডেস্ক, থ্রিডি ম্যাক্স, অ্যাডোবি ইলাস্ট্রেটর ও এডোবি ফটোশপ ব্যবহারপূর্বক গ্রাফিক্স ডিজাইনে পারদর্শী হতে হবে।

সংশ্লিষ্ট বিষয়ে নাটকের সাথে সরাসরি কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সম্ভাষণজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী ২২-০৪-২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩নং কক্ষে) নিকট পৌছাতে হবে।